# আসন্ন নির্বাচনের আগে মাঠ প্রশাসনে রদবদল ইসির ২৩ কর্মকর্তাকে বদলি




সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় নির্বাচনের প্রস্তুতি এগিয়ে নিতে মাঠপর্যায়ের প্রশাসনিক কাঠামোতে নতুন রদবদল এনেছে নির্বাচন কমিশন (ইসি)। উপজেলা পর্যায়ে দায়িত্ব পালনকারী মোট ২৩ কর্মকর্তাকে বদলি করা হয়েছে।

শনিবার (৮ নভেম্বর) ইসির জনবল ব্যবস্থাপনা শাখার সহকারী সচিব মোহাম্মদ শহীদুর রহমান স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, ২১ জন নির্বাচন কর্মকর্তা ও দুইজন উপজেলা নির্বাচন কর্মকর্তাকে বিভিন্ন স্থানে স্থানান্তর করা হয়েছে। জনস্বার্থে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ইসি সূত্রে জানা গেছে, ডিসেম্বরের প্রথমার্ধে তফসিল ঘোষণার পরিকল্পনা এবং ফেব্রুয়ারির প্রথমার্ধে ভোট আয়োজনের লক্ষ্যে মাঠপর্যায়ে প্রস্তুতি জোরদার করছে কমিশন। এরই অংশ হিসেবে মাঠ প্রশাসনে ধারাবাহিক পরিবর্তন আনা হচ্ছে।

ইসির কর্মকর্তারা জানিয়েছেন, নির্বাচনী কার্যক্রম নির্বিঘ্ন রাখতে ইতোমধ্যেই শতাধিক কর্মকর্তাকে বদলি করা হয়েছে। নতুন এই পদক্ষেপের মাধ্যমে মাঠ প্রশাসনে গতি ও সমন্বয় নিশ্চিত করাই মূল লক্ষ্য।

LENS ASIA